ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
খুমুলুঙ , পশ্চিম ত্রিপুরা

====================================

৮১৯০ হার্ডকো জুমিয়া পরিবারকে সার্বিকভাবে উন্নয়নে এডিসি পরিকল্পনা নিয়েছে-মুখ্যনির্বাহী সদস্য

এডিসি।স-২৮৭
খুমুলুঙ,০৫।১১।১৫ইং

৮১৯০ হার্ডকো টংঘরবাসী জুমিয়া পরিবারকে সার্বিকভাবে উন্নয়নের লক্ষ্যে ৫ বছরের জন্য এডিসি পরিকল্পনা হাতে নিয়েছে। জানিয়েছেনমুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা।

আজ এডিসির অধিবেশনে সদস্য শ্রীচম্পারাই আসলং আনীত 'স্বশাসিত জেলা পরিষদ এলাকার হার্ডকোর জুমিয়াদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে গৃহীত পরিকল্পনা সম্পর্কে'। দৃষ্টি আকষনী নোটিশেরজবাবী ভাষণে মুখ্য নির্বাহী সদস্য শ্রীদেববর্মা একথা জানান । বিশেষ করে স্থায়ীভাবে বসবাস করানোর লক্ষ্যে এই বলিষ্ঠ উদ্যোগ বলে তিনি মন্তব্য করেন। তিনি জানান এই জুমিয়া পরিবারগুলোকেউন্নয়নের লক্ষ্যে বিভিন্ন দপ্তরকে যুক্ত করা হয়েছে। তাদেরকেঅর্থস্বাবলম্বী করে তোলার লক্ষ্যে প্রাণী সম্পদ, কৃষি ও ফলোদ্যানেরমাধ্যমে সহায়তা করা হবে বলে তিনি জানান । এছাড়া তাদের ছেলেমেয়েদেশিক্ষার আঙ্গিনায় নিয়ে আসতে গুনগত শিক্ষায় শিক্ষিত করতে শিক্ষা দপ্তরকে যুক্ত করা হয়েছে। বিশেষ করে সম্পুর্ণভাবে হার্ডকোর জুমিয়াকে নির্মূল করার লক্ষ্যেই এই পদক্ষেপ বলে তিনি জানান । শান্তির পরিবেশেরমাধ্যমে এই কর্মসূচী রূপায়নে সকলকে সহযোগিতার হাত বাড়াতে শ্রীদেববর্মাআহ্বান রাখেন।

আর্থিক বঞ্চনার জন্য কেন্দ্র সরকারের বিরুদ্ধে সোচ্চার হতে শ্রীরাধাচরণ দেববর্মার আহ্বান

এডিসি।স-২৮৮
খুমুলুঙ,০৫।১১।১৫ইং

ত্রিপুরা সহ পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য আর্থিক বরাদ্ধ হ্রাস করা জন্য কেন্দ্র সরকারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য আহ্বান করেছেনমুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা।
আজ এডিসির অধিবেশনেমুখ্য নির্বাহী সদস্য শ্রীদেববর্মা সদস্য শ্রীরমেন্দ্র দেববর্মার আনীত জনস্বার্থ সংশ্লিষ্ট সম্পর্কে কেন্দ্র সরকারের আর্থিক বঞ্চনার বিরুদ্ধে প্রতিক্রিয়া দিতে গিয়ে এআহ্বান রাখেন। তিনি বলেন প্রতিটি ক্ষেত্রেইআর্থিক কমিয়ে দিয়েছে। এর ফলে সবচেয়েক্ষতিগ্রস্থ হবেন পিছিয়ে পড়া জনগণ । সাধারণ মানুষের জন্য কিছুই করেনি বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন বিভিন্ন পরিষেবা থেকে সাধারণ মানুষ বঞ্চিত । বাড়ছে ধর্মবিরোধ, সাধারণ মানুষের আধিকারকে বঞ্চিত করেছে। এই ব্যবস্থাকে আমরা মেনেনিতে পারিনা । আর্থিক ঞ্চিত না করে মানুষের অধিকারকে সঠিকভাবে রূপায়ন করতে শ্রীদেববর্মা কেন্দ্র সরকারের কাছে দাবী জানান ।

এই আলোচনায় বক্তব্য রাখতে গিয়ে মৎস্য দপ্তরের নির্বাহী সদস্য শ্রীশান্তনু জমাতিয়া পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্র সরকারের কাছে দাবী জানান । এই আলোচনায় বক্তব্য রাখেন সদস্য শ্রীঅরুন ত্রিপুরা, শ্রীমতিলাল শুক্ল বৈদ্য, শ্রীগুরুপদ দেববর্মা, শ্রীসঞ্জীব মারাক, শ্রীজহর দেববর্মা।

এডিসির অধিবেশনেস্মৃতি চারণ

এডিসি।স-২৮৯
খুমুলুঙ,০৫।১১।১৫ইং

আজ স্বশাসিত জেলা পরিষদের অধিবেশনেরাজ্য ও দেশেরবিশিষ্ট ব্যক্তি বর্গের অকাল প্রয়ানে শ্রদ্ধা জানিয়ে পরিষদের সদস্যা ও সদস্যগণ এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালনের মধ্য দিয়ে স্মৃতি চারণ করা হয় । যাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে স্মৃতি চারণ করা হয় তারা হলেন ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ভারতরত্ন ড: এ. পি. জে আব্দুল কালাম, রাজ্যের প্রাক্তন এম. এল. এ. সন্ধ্যারানী দেববর্মা, পশ্চিমবঙ্গ বিধান সভার প্রাক্তন অধ্যক্ষ হাসিম আবুল হালিম এবং গত ২৬শে অক্টোম্বর পাকিস্তান ও আফগানিস্তানে ভয়াবহ ভূমিকম্পে ৩০০ জন নিহত ও ১,৬০০ জন আহত হয়েছেনতাদের স্মৃতির প্রতি ও শ্রদ্ধা জানিয়ে পরিষদের পক্ষ থেকেশোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানানো এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করা হয় ।

এডিসি।স-২৯০

গত ৬ মাসে এডিসির উদ্যোগে ১০টি স্বাস্থ্য শিবির খুমুলুঙ,০৫।১১।১৫ইং

এডিসির স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে গত ৬ (ছয়) মাসে দুর্গম এলাকায় ১০টি স্বাস্থ্য শিবির করা হয়েছে। জানিয়েছেন স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য তথা মুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা।

আজ এডিসির অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে মুখ্য নির্বাহী সদস্য শ্রীদেববর্মা সদস্য শ্রীললিত দেবনাথের লিখিত প্রশ্নের জবাবে এতথ্য দেন। এপ্রসঙ্গে তিনি জানান যে ১০টি জায়গায় স্বাস্থ্য শিবির করা হয়েছে তা হলো উত্তর লংতরাই, পশ্চিম গোবিন্দবাড়ী, বিননকবরা, পশ্চিম মালীধর, গমনজয় পাড়া, বাটা পাড়া, হন্দমনি পাড়া, সুখটিরায় পাড়া, পূর্ব গোবিন্দবাড়ী এবং পূর্ব মালীধর । এই শিবিরগুলিতে ১০৬৮ জন রোগীকে পরীক্ষা করে বিনামূল্যে অষুধ বিতরণ করা হয়েছে। এর মধ্যে ৯২ জন রোগীর রক্তে ম্যালেরিয়া জীবানু পাওয়া গিয়ে বলে তিনি জানান । তিনি আরও জানান আগামী দিনেও প্রয়োজন ভিত্তিক স্বাস্থ্য শিবির ও স্বাস্থ্য সচেতনতা শিবির করা হবে।

খুমুলুঙ স্টেডিয়াম নির্মাণের জন্য ৪ কোটি ৭৮ লক্ষ ৩৬ হাজার টাকা বরাদ্ধ

এডিসি।স-২৯১
খুমুলুঙ,০৫।১১।১৫ইং

আজ এডিসির অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তথ্য সংস্কৃতি ও পর্যটন এবং ক্রীড়া ও যুব কর্মসূচী দপ্তরের নির্বাহী সদস্য শ্রীপরীক্ষিত মুড়াসিং জানান খুমুলুঙ স্টেডিয়াম নির্মাণের জন্য ৪ কোটি ৭৮ লক্ষ ৩৬ হাজার টাকা বরাদ্ধ করা হয়েছে। ক্রীড়া দপ্তরের নির্মাহী সদস্য শ্রীমুড়াসিং সদস্য শ্রীরমেন্দ্র দেববর্মার লিখিত প্রশ্নের জবাবে এতথ্য দেন। তিনি জানান এন. এল. সি. পি পরিকল্পনা খাত থেকে এই অর্থ বরাদ্ধ করা হয়েছিল। ২০১১-২০১২ অর্থ বছরে কাজটি শুরু হয়েছিল। বাকী কিছু কাজ সম্পূর্ণ বরাদ্ধ অর্থ পেলে আগামী ৩ (তিন) মাসের মধ্যে শেষ করা হবে বলে তিনি জানান । তিনি জানান এই স্টেডিয়ামের দৈর্ঘ্য ২৩০ মিটার এবং প্রস্থ ১৪০ মিটার । খেলোয়াড়দের থাকার বন্দোবস্ত ব্যবস্থা রয়েছে।

সদস্য শ্রীজয় কিশোর জমাতিয়া অপর এক লিখিত প্রশ্নের জবাবে তিনি জানান চলতি অর্থ বছরে তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের উদ্যোগে ২৮টি মেলায় আর্থিক সাহায্য দেওয়ার পরিকল্পনা দপ্তর গ্রহণ করেছে।এই অর্থবর্ষে ১৮টি সমাজ সাংস্কৃতি উৎসব বা মেলাকে এর আওতায় অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি জানান মেলা বা উৎসব কমিটির আবেদন ক্রমে এবং দপ্তরের আর্থিক সংস্থান বিবেচনা করে মেলা বা উৎসগুলিকে আর্থিক বরাদ্ধ করা হয়ে থাকে। এতে ব্যয় ধরা বয়ে ১২ লক্ষ ৩৫ হাজার টাকা । এর মধ্যে মেলা ৮ লক্ষ ১০ হাজার টাকা এবং উৎসব ৪ লক্ষ ২৫ হাজার টাকা ।

এডিসিঃ কৃষিতে ১২ কোটি ৭ লক্ষ টাকা এবং উদ্যানে ২৩ কোটি ৩৬ লক্ষ ২৪ হাজার টাকা বরাদ্ধ

এডিসি।স-২৯২
খুমুলুঙ,০৫।১১।১৫ইং

চলতি অর্থ বছরে কৃষি বিভাগে ১২ কোটি ৭ লক্ষ টাকা এবং উদ্যান বিভাগে ২৩ কোটি ৩৬ লক্ষ ২৪ হাজার ১০০ টাকা বরাদ্ধ করা হয়েছে৷ জানিয়েছেনকৃষি দপ্তরের নির্বাহী সদস্য শ্রীপ্রতিরাম ত্রিপুরা । হার্ডকো জুমিয়াদের জন্য পরিকল্পনা সম্পর্কে তিনি জানান কৃষি উদ্যানের মাধ্যমে উন্নয়নের জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে৷ তিনি জানান ৮১৯০ হার্ডকো জুমিয়া পরিবার রয়েছে৷ এই সমস্ত জুমিয়াদের ধাপে ধাপে উন্নয়ন করার পরিকল্পনা নেওয়া হয়েছে৷ প্রথম ধাপে ৫ (পাঁচ)টি সাব জোন্যালে মধ্য থেকে৯টি ভিলেজ কমিটির ৩২৭৩ হার্ডকো জুমিয়া পরিবারকে সাহায্য করা হবে বলে তিনি জানান । এই প্রকল্পের মধ্যে রয়েছেপানীয় জল, গৃহ নির্মাণ, রাস্তাঘাট নির্মাণ, বিদ্যুৎ করণ, মৎস্য চাষ ইত্যাদি ।